

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৩২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة) পরিচ্ছেদঃ সূর্য গ্রহণের দ্বিতীয় ধরণের সালাতের বিবরণ

ذِكْرُ النَّوْعِ التَّانِي مِنْ صَلَاةِ الْكُسُوفِ

আরবী

2832 _ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إسحاق بن إبراهيم قال: أخبرنا جرير عَنْ عَبْدِ الْمَلِكِ بْنِ أَبِي سُلَيْمَانَ عَنْ عَطَاءِ بْنِ أَبِي رَبَاحٍ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ عَلَيْهِ وَسَلَّمَ فَصَلَّى رَسُولُ اللَّهِ عَلَيْهِ وَسَلَّمَ فَصَلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَصَلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَطَالَ الْقِيَامِ الْأَوْلِ أَمُّ رَكَعَ ثُمُّ رَفَعَ رَأْسَهُ فَقَامَ دُونَ قِيَامِهِ الْأَوْلِ ثُمَّ رَكَعَ ثَلَاثَ رَكَعَات ثُمَّ سَجَدَ ثُمَّ رَفَعَ رَأْسَهُ فَقَامَ وَسَلَّمَ فَقَامَ دُونَ قِيَامِهِ الْأَوْلِ ثُمَّ رَكَعَ ثَلَاثَ رَكَعَات ثُمَّ سَجَدَ ثُمَّ رَفَعَ رَأْسَهُ فَقَامَ وَقَدْ تَجَلَّتِ فَكَامَ وَلَوْلَ ثُمَّ سَجَدَ ثُمَّ الْصَرَفَ وَقَدْ تَجَلَّتِ الشَّمْسُ وَالْقَمَرَ لَا يَنْكَسِفَانِ لِمَوْت أَحَدٍ وَلَا لِحَيَاتِهِ وَهُمَا آيَتَانِ مِنْ الشَّمْسُ وَالْقَمَرَ لَا يَنْكَسِفَانِ لِمَوْت أَحَدٍ وَلَا لِحَيَاتِهِ وَهُمَا آيَتَانِ مِنْ الشَّمْسُ وَالْقَمَرَ لَا يَنْكَسِفَانِ لِمَوْت أَحَدٍ وَلَا لِحَيَاتِهِ وَهُمَا آيَتَانِ مِنْ الشَّمْسُ وَالْقَمَرَ لَا يَنْكَسِفَانِ لِمَوْت أَحَدٍ وَلَا لِحَيَاتِهِ وَهُمَا آيَتَانِ مِنْ الشَّمْسُ وَالْقَمَر لَا يَنْكَسِفَانِ لِمَوْت أَحَدٍ وَلَا لِحَيَاتِهِ وَهُمَا آيَتَانِ مِنْ السَّمْسُ وَالْقَمَر لَا يَنْكَسِفَانِ لِمَوْت أَحَدٍ وَلَا لِحَيَاتِهِ وَهُمَا آيَتَانِ مِنْ السَّعْسِ اللهِ فَإِذَا رَأَيْتُمْ كُسُوفَهُمَا فَصَلُوا حَتَى يَنجلي) الله فَإِذَا رَأَيْتُمْ كُسُوفَهُمَا فَصَلُوا حَتَى يَنجلي) التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 2832 ا خلاصة حكم المحدث: صحيح - ((الإرواء)) (656) (صحيح أبي داود)) (1069 – 1070): م، لكن قوله: ثلاث ركعات ... شاذ، والمحدث: كما في بعض طرقه.

বাংলা

২৮৩২. জাবির বিন আব্দুল্লাহ রাদ্য়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সময়ে সূর্য গ্রহণ লাগলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাত আদায় করেন। তিনি দীর্ঘক্ষন কিয়াম করেন। তারপর রুক্' করেন। তারপর রুক্' থেকে মাথা উত্তোলন করেন। তারপর আবার কিয়াম করেন, তবে সেটা প্রথম কিয়াম অপেক্ষা কম। তারপর রুক্' করেন। তারপর রুক্' মাথা উত্তোলন করেন। তারপর তিনি



কিয়াম করেন, তবে সেটা প্রথম কিয়াম অপেক্ষা কম। তারপর তিনি রুকু' করেন। তিনটি রুকু'। তারপর সাজদা করেন। তারপর সাজদা থেকে মাথা উত্তোলন করেন। তারপর তিনি দাঁড়ান। অতঃপর তিনটি রুকু' করেন। এতে তিনি কিয়াম করেন, তবে সেটা প্রথম কিয়াম অপেক্ষা কম। তারপর আবার সাজদা করেন। তারপর সালাম ফেরান। ইতোমধ্যে সূর্য গ্রহণ শেষ হয়ে গেছে। তখন তিনি বলেন, "নিশ্চয়ই সূর্য ও চন্দ্র কারো বেঁচে থাকা অথবা কারো মৃত্যুবরণ করার কারণে গ্রহণ লাগে না। বরং এগুলি আল্লাহর নিদর্শনসমূহের মধ্যে দুটি নিদর্শন। কাজেই যখন তোমরা এদের গ্রহণ দেখবে, তখন তোমরা গ্রহণ শেষ না হওয়া পর্যন্ত সালাত আদায় করবে।"[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ১৩৮৬; মুসনাদ আহমাদ: ৩/২১৭-২১৮; আবূ দাউদ: ১১৭৮; সহীহ মুসলিম: ৯০৪; আবূ আওয়ানা: ২/৩৭২-৩৭৩; সুনান বাইহাকী: ৩/৩২৪; আত তায়ালিসী: ১৭৫৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। তবে তিন রুকু' করার বিষয়টি শায। (সহীহ আবূ দাউদ: ১০৬৯-১০৭০)

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন